3rd Summative Evaluation — 2023

Class — IX **Subject — Bengali**

F. M. — 90 **Time — 3 Hours 15 Minutes**

১। সঠিক উত্তরটি নির্বাচন করো : — 1 x 18 = 18

১.১ বিবেকানন্দ কাকে 'নারীকুলের রত্ন' বলেছেন ?

ক) মিস্ নোবল্‌কে খ) মিস্ মুলারকে

গ) মিসেস্ সেভিয়ারকে ঘ) মিসেস বুলকে

১.২ দুটি বিষম ধাতুর মিলন ঘটিয়েছেন —

ক) জগদীশচন্দ্র বসু খ) প্রফুল্ল চন্দ্র রায়

গ) গ্যালিলিও ঘ) মেঘনাদ সাহা

১.৩ 'ম্যানিফিকো' শব্দের অর্থ —

ক) অসম্ভব খ) সহজ বোধ গ) চমকপ্রদ ঘ) নিকৃষ্ট

১.৪ 'চৈতালি' কাব্যগ্রন্থের প্রকাশকাল —

ক) ১৩০৩ বঙ্গাব্দ খ) ১৩০৭ বঙ্গাব্দ

গ) ১৩০৪ বঙ্গাব্দ ঘ) ১৩০৬ বঙ্গাব্দ

১.৫ সূর্যকিরণ কেমন বোধ হচ্ছিল ?

ক) আরামদায়ক খ) প্রখর

গ) ম্রিয়মান ঘ) আলো ছায়ার মতো

১.৬ চন্দ্রনাথ তার চিঠির সম্বোধনে যে শব্দটি কেটে দিয়েছিল —

ক) প্রিয় খ) প্রিয়ভাজনেষু

গ) প্রিয়বরেষু ঘ) প্রীতিভাজনেষু

১.৭ 'কাঁধে নে দুন্দুভি ঢাক' — দুন্দুভি বাজানো হয় —

ক) পূজার সময় খ) আনন্দের সময়

গ) গানের সময় ঘ) যুদ্ধের সময়

১.৮ কোন্ প্রাণীন শাস্ত্রে স্বর্ণপর্ণীর উল্লেখ পাওয়া যায় —

ক) উপনিষদ খ) বেদ

গ) মনু সংহিতা ঘ) চরক সংহিতা

১.৯ 'আমরা অন্যতম প্রধান খাদ্য থেকে বঞ্চিত হব' — 'প্রধান খাদ্য' হল —

ক) মাছ-ভাত খ) সংস্কৃত ভাষা

গ) ইতালীয় ভাষা ঘ) আরবি-ফারসি ভাষা

১.১০ 'গর্ত ছেড়ে ভুজঙ্গ ভাসিয়া বুলে জলে' — এখানে 'বুলে' শব্দের অর্থ —

ক) বেড়ায় খ) খেলা করে গ) হাঁটে ঘ) লাফায়

১.১১ স্বরসঙ্গতির উদাহরণ হল —

ক) বাস্ত > বাক্স খ) নবনী > ননী

গ) স্কুল > ইস্কুল ঘ) দেশি > দিশি

১.১২ আলু কি জাতীয় শব্দ ?

ক) ইংরেজি খ) ফরাসি গ) ওলন্দাজ ঘ) পোর্তুগীজ

১.১৩ একটি ধ্বন্যাত্মক বিশেষণের উদাহরণ হল —

ক) কনকনে ঠান্ডা খ) নানা রঙের দিন

গ) আনন্দিত মন ঘ) গরম গরম ভাত

১.১৪ তির্যক বিভক্তি হল —

ক) ই খ) অ গ) এ ঘ) এতে

১.১৫ 'পুরস্কার' শব্দটিকে সন্ধি বিচ্ছেদ করলে দাঁড়ায় —

ক) পুর + কার খ) পুরম্ + কার

গ) পুরঃ + কার ঘ) পুরঃ + স্কার

১.১৬ 'বর্তমান' — প্রকৃতি প্রত্যয় হল —

ক) বৃৎ + ময়ট্ খ) বৃহৎ + মান

গ) বৃহ্ + শানচ্ ঘ) বৃৎ + মান

১.১৭ 'দ্যাখো না, কে দরজায় কড়া নাড়ছে।' — 'না' কী জাতীয় অব্যয় ?

ক) সম্বোধন সূচক খ) আদেশসূচক

গ) পদান্বয়ী ঘ) আলংকারিক

১.১৮ 'যাহারা তোমার বিষাইছে বায়ু' — 'বিষাইছে' শব্দটি —

ক) নাম ধাতুজ ক্রিয়া খ) অসমাপিকা ক্রিয়া

গ) যৌগিক ক্রিয়া ঘ) প্রযোজক ক্রিয়া

২। কমবেশি ১৫টি শব্দে উত্তর দাও : — 1 x 8 = 8

২.১ 'শোভন বিস্মিত কণ্ঠে বললে' — শোভন কী বলেছিল ?

২.২ 'একজন প্রকৃত সিংহীর প্রয়োজন' — সিংহীর প্রয়োজন কেন ?

২.৩ রাধারাণী তার ক্ষুদ্র বুদ্ধি দিয়ে কী বুঝেছিল ?

২.৪ 'ইহার সৌন্দর্য বর্ণনাতীত' — কীসের সৌন্দর্য বর্ণনাতীত ছিল ?

২.৫ 'মাস্টারমহাশয়ের ওইটুকু এক বিশেষত্ব' — এখানে কোন্ বিশেষত্বের কথা বলা হয়েছে ?

২.৬ 'মহাসমুদ্রের ধারে এসে দাঁড়িয়েছি' — সেই মহাসমুদ্র কী দিয়ে গড়া ?

২.৭ 'মিরাকিউরন' শব্দটির বাংলা অর্থ কী ?

২.৮ মুকুন্দ চক্রবর্তীর উপাধি কী ?

২.৯ 'পৃথিবীতে কত দ্বন্দ্ব, কত সর্বনাশ' — এই দ্বন্দ্ব ও সর্বনাশের কারণ কী ?

২.১০ 'মন্বন্তরে মরিনি আমরা' কত সালের মন্বন্তরের কথা বলা হয়েছে ?

৩। কমবেশি ৬০টি শব্দে উত্তর দাও : — (যে কোনো একটি) 3 x 1 = 3

৩.১ 'সে দেখা দিল'। — কে, কোথায় দেখা দিল ? তার চেহারা কেমন ?

৩.২ 'রথের হাট শীঘ্র ভাঙিয়া গেল' — কে, কাকে কথাটি বলেছে ? হাট ভেঙে যাওয়ায় তার কী অসুবিধা হয়েছিল ?

৪। কমবেশি ৬০টি শব্দে উত্তর দাও : — (যে কোনো একটি) 3 x 1 = 3

৪.১ 'পরিচ্ছিন্ন নাহি সন্ধ্যা দিবস রজনী' — এখানে 'পরিচ্ছিন্ন' শব্দের অর্থ কী? এরকম পরিস্থিতির কারণ কী ?

৪.২ 'কেহ যায় ঘরে, কেহ আসে ঘর হতে' — পঙ্‌ক্তিটির তাৎপর্য আলোচনা করো।

৫। কমবেশি ৬০টি শব্দে উত্তর দাও : — (যে কোনো একটি) 3 x 1 = 3

৫.১ 'তাঁর সঙ্গে বনিয়ে চলা অসম্ভব' — তাঁর সঙ্গে কী কী কারণে বনিয়ে চলা অসম্ভব ?

৫ ২ 'ইংরেজি চর্চা বন্ধ করার সময় এখনও আসেনি' — এমন মন্তব্যের অর্থ কী ?

৬। কমবেশি ৬০টি শব্দে উত্তর দাও : — (যে কোনো একটি) 3 x 1 = 3

৬.১ দুষ্মন্ত প্রদত্ত আংটি শকুন্তলা কীভাবে হারিয়ে ফেলেছিলেন ?

৬.২ 'জেলেকে হিংসায় ভরা দৃষ্টিতে দেখলেন'– কে ওভাবে জেলেকে দেখল , কেন দেখল ? 1+2

৭। কমবেশি ৬০টি শব্দে উত্তর দাও : — (যে কোনো একটি) 3 x 1 = 3

৭.১ 'বাবার এই রোগকে বলে হার্ট ব্লক' — বাবার নাম কী ? এই রোগের উপসর্গ এবং চিকিৎসা সম্বন্ধে পাঠ্যাংশ অবলম্বনে লেখো। 1+2

৭.২ 'লোকটার প্রতি আমার অশ্রদ্ধা ক্রমেই বাড়ছিল' — ক্রমেই অশ্রদ্ধা বেড়ে গেল কেন ?

৮। কমবেশি ১৫০টি শব্দে উত্তর দাও : — (যে কোনো একটি) 1 x 1 = 5

৮.১ সত্যেন্দ্রনাথ দত্তের 'আমরা' কবিতায় বাঙালিদের যে গৌরবগাথা রচিত হয়েছে তা নিজের ভাষায় লেখো।

৮.২ 'দোঁহা পানে চেয়ে আছে দুইখানি গ্রাম' — 'দোঁহা' শব্দের অর্থ কী ? দুইখানি গ্রামের পরস্পরের দিকে চেয়ে থাকার বিষয়টি বাস্তব জীবনের পরিপ্রেক্ষিতে বুঝিয়ে দাও।

৯। কমবেশি ১৫০টি শব্দে উত্তর দাও : — (যে কোনো একটি) 1 x 1 = 5

৯.১ 'অধিকাংশ নিরুদ্দেশের বিজ্ঞাপনের ইতিহাসই এই' — উক্তিটি কার ? নিরুদ্দেশ সংক্রান্ত বিজ্ঞাপনের ইতিহাস বলতে বক্তা কী বুঝিয়েছেন ? 1+4

৯.২ 'এমনই দৃপ্ত ভঙ্গিতে সেও আপনার জীবনের কক্ষপথে চলিয়াছে' — যার সম্পর্কে এই উক্তি তার চরিত্রের পরিচয় দাও।

৯। কমবেশি ১৫০টি শব্দে উত্তর দাও : — (যে কোনো একটি) ৫ x 1 = 5

৯.১ "দুহায় উদরান্নের জন্য পুরুষদের প্রত্যাশী নয়ে" — প্রবন্ধাংশে পাহাড়ি অঞ্চলের মহিলাদের সম্পর্কে লেখিকার কীরূপ মনোভাব প্রকাশ পেয়েছে, তা লেখো।

৯.২ বাংলায় যে সব বিদেশী ভাষার শব্দ ঢুকেছে তার মধ্যে কোন কোন ভাষা প্রধান ? এই প্রসঙ্গে সংস্কৃত এবং ইংরেজি নিয়ে লেখক কী বলেছেন ?

1+3

১১। কমবেশি ১৫০ শব্দের মধ্যে উত্তর দাও : (যে কোনো একটি) ৫ x 1 = 5

১১.১ 'এখন মারতে হয় মারুন, ছেড়ে দিতে হয় ছেড়ে দিন।' — বক্তা কে ? উক্তিটিতে বক্তার চরিত্রের কী পরিচয় পাওয়া যায় ? 1+4

১১.২ "তা তোর জীবিকা বেশ পবিত্র বলতে হয় দেখছি" — উদ্ধৃতাংশের বক্তা কে ? কাকে উদ্দেশ্য করে এই উক্তি ? এই উক্তির মধ্যে যে শ্লেষ আছে, তা নাট্যাংশ অবলম্বনে লেখো।

১২। কমবেশি ১৫০ শব্দের মধ্যে উত্তর দাও : (যে কোনো একটি) ৫ x 1 = 5

১২.১ প্রফেসর শব্দের 'মিরাকিউরল' ওষুধ আবিষ্কারের কাহিনি 'স্বর্ণপর্ণী' গল্প অবলম্বনে লেখো।

১২.২ 'এটা ভাবতে আমার আপাদমস্তক জ্বলে যায়'। — বক্তা কে ? কখন বক্তার মনে এমন প্রতিক্রিয়া হয় ? 1+4

১৩। নীচের প্রশ্নের উত্তর দাও : — (যে কোনো একটি) 4 x 1 = 4

১৩.১ ভাবসম্প্রসারণ করো : —

মরিতে চাহি না আমি সুন্দর ভুবনে
মানবের মাঝে আমি বাঁচিবারে চাই।।

১৩.২ প্রদত্ত সূত্র অবলম্বনে উপযুক্ত শিরোনাম সহ গল্প রচনা করো : — মধ্যবিত্ত বাড়ির সন্তান — চাকরির পরীক্ষায় বারবার ব্যর্থ — ব্যর্থ ছাত্র সন্ধান পায় বাবাজির — সমস্যা থেকে মুক্তির উপায় অনুসন্ধান — বাবাজি কর্তৃক ছাত্রের মাথা জলে ডুবিয়ে রাখা — প্রবল চেষ্টায় মুক্তি — বাবাজির উপদেশ, চেষ্টা থাকলে সাফল্য আসবেই।

১৪। কমবেশি ৩০০ শব্দের মধ্যে যে কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো ঃ —

১৪.১ বিজ্ঞান ও কুসংস্কার

১৪.২ তোমার প্রিয় গল্প

১৪.৩ একটি নদীর আত্মকথা

১৪.৪ একটি ভ্রমণ কাহিনি